# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭০৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ قَبْرًا لَيْلًا فَأُسْرِجَ لَهُ بِسِرَاجٍ فَأَخذ مِنْ قِبَلِ الْقِبْلَةِ وَقَالَ: «رَحِمَكَ اللَّهُ إِنْ كُنْتَ لَأَوَّاهًا تَلَّاءً لِلْقُرْآنِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ فِي شرح السّنة: إِسْنَاده ضَعِيف

### বাংলা

১৭০৬-[১৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার রাতের বেলা মৃতকে রাখার জন্য কবরে নামলেন। তার জন্য চেরাগ জ্বালিয়ে দেয়া হয়েছিল। তিনি মাইয়্যিতকে ক্বিবলা (কিবলা/কেবলা)র দিক থেকে ধরলেন (তাকে কবরে রাখলেন) এবং এ দু’আ পড়লেন, ’’রহিমাকাল্ল-হু ইন্ কুনতা লাআও্ওয়া-হান তাল্লা-আন লিল কুরআ-ন’’ [অর্থাৎ আল্লাহ তোমার ওপর রহম করুন। (তুমি আল্লাহর ভয়ে) কাঁদতে, আর কুরআনে কারীম বেশী বেশী পড়তে (এ দু’টি কারণে তুমি রহমত ও মাগফিরাতের উপযোগী)]। (তিরমিযী; শারহুস্ সুন্নাহয় বলা হয়েছে এ বর্ণনার সানাদ দুর্বল)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আত্ তিরমিযী ১০৫৭, শারহুস্ সুন্নাহ্ ১৫১৪। দু’টি কারণে, প্রথমতঃ এর সানাদে রাবী ইয়াহ্ইয়া ইবনু আল ইয়ামান স্মৃতিশক্তিজনিত ত্রুটির কারণে একজন দুর্বল রাবী। দ্বিতীয়তঃ হাজ্জাজ ইবনু ‘আরত্বত একজন মুদ্দালিস রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে যে মৃত ব্যক্তির কথা উল্লেখ করা হয়েছে কেউ কেউ বলেছেন তার নাম ছিল ‘আব্দুল্লাহ আল মাযুনী যুল বাজা-দায়ন। এ হাদীস থেকে এ বিষয়ে প্রমাণ পাওয়া যায় যে, মৃত ব্যক্তিকে রাতে দাফন করা নিষিদ্ধ নয়। যেহেতু নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেই রাত্রে লাশ দাফন করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন